মেহেরপুর জেলা আনসার-ভিডিপি’র মুজিবনগর দিবস উদযাপন

ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপন উপলক্ষ্যে বর্ণাঢ্য কর্মসূচি পালন করেছে মেহেরপুর জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।

আজ বুধবার ১৭ এপ্রিল সকালে মুজিবনগর স্মৃতি কমপ্লেক্সে অবস্থিত বেদিতে পুষ্পস্তবক অর্পণ করে বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী খুলনা রেঞ্জের উপ-মহাপরিচালক শাহ্ আহমদ ফজলে রাব্বী।

১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুর জেলার মুজিবনগরে (তৎকালীন বৈদ্যনাথতলার আম্রকাননে) স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্রহণ করে। সেদিন ১২ জন বীর আনসার সদস্য মুজিবনগর সরকারকে ‘গার্ড অব অনার’ প্রদান করেন। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও স্থানীয় প্রশাসন জাতীয় কর্মসূচি গ্রহণ করে এবং এতে ধারাবাহিকভাবে সাংস্কৃতিক কার্যক্রমে অংশগ্রহণ করে আসছে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী। এবারও মুজিবনগরের আম্রকাননে গীতিনাট্য “সোনালি স্বপ্নের দেশ” পরিবেশন করে বাহিনীর কেন্দ্রীয় সাংস্কৃতিক দল।

এদিন ‘গার্ড অব অনার’ প্রদানকারী বীর মুক্তিযোদ্ধা আনসার সদস্য ও খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা পরিবারের প্রতিনিধিগণের সাথে মতবিনিময় করেন খুলনা রেঞ্জের উপমহাপরিচালক শাহ্ আহমদ ফজলে রাব্বী ।

এসময় তিনি বাহিনীর মহাপরিচালকের পক্ষে তাদের হাতে ২৫,০০০/- টাকা হারে আর্থিক শুভেচ্ছা উপহার তুলে দেন। এছাড়াও উপ-মহাপরিচালক ‘গার্ড অব অনার’ প্রদানকারী বীর মুক্তিযোদ্ধা আনসার সদস্যদের কবরস্থানে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাজ্ঞাপন ও তাদের রুহের মাগফিরাত কামনা করে দোয়া-মোনাজাত করেন।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ১৪ আনসার ব্যাটালিয়নের পরিচালক মোঃ কামরুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলার জেলা কমান্ড্যান্ট সঞ্জয় চৌধুরী, মেহেরপুর জেলার জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত, ১৪ আনসার ব্যাটালিয়নের সহকারী পরিচালক মোঃ হেলাল উদ্দিন, “গার্ড অব অনার” প্রদানকারী বীর মুক্তিযোদ্ধা আনসার সদস্য মোঃ

আজিম উদ্দিন শেখ ও মোঃ সিরাজুদ্দীন প্রমুখ।

এর আগে ১৪ আনসার ব্যাটালিয়নের ২২ জন সদস্যের সমন্বয়ে গঠিত এক চৌকস দল কুচকাওয়াজে অংশ গ্রহণ করে।